



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
প্রশাসন-২ শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং ৫৩.০৩.০০০০.০০০.০০৯.৩৪.০০০৩.২৫.০৫

তারিখ: ০৫/০১/২০২৬ খ্রি.

Chartered Secretary (CS) তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশে চার্টার্ড সেক্রেটারি পেশায় নিয়োজিত ব্যক্তি বা ফার্ম এর নিকট হতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক তালিকাভুক্তির নিমিত্ত আবেদন আহবান করা হচ্ছে। তালিকাভুক্ত ব্যক্তি বা ফার্ম বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বীমাকারী প্রতিষ্ঠানসমূহের Secretarial, Compliance, Governance, Independent Scrutiny সহ কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে বিশেষ অনুসন্ধান কার্যক্রম পরিচালনা সংক্রান্ত দায়িত্ব পালন করবে। অনুসন্ধানকারী হিসেবে নিয়োগের সময় সুনির্দিষ্ট কর্মপরিধি নির্ধারিত হবে।

(ক) আবেদনের যোগ্যতা ও অভিজ্ঞতা: আবেদনকারীর নিম্নরূপ যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে:

১. ICSB কর্তৃক প্রদত্ত ন্যূনতম ACS (Associated Chartered secretary) membership ধারী হতে হবে;
২. আর্থিক প্রতিষ্ঠানে (দুই) বছরের অভিজ্ঞতাসহ অনূন্য ৫ (পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা;
৩. বীমা সেক্টরে কর্মঅভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।

(খ) আবেদনের অযোগ্যতা: আবেদনকারী তালিকাভুক্তির অযোগ্য হবেন, যদি:

১. আবেদনকারী কোনো আদালত কর্তৃক কোন অপরাধের জন্য দোষী সাব্যস্ত বা দণ্ডিত হয়ে থাকেন;
২. আবেদনকারী কোনো উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক শাস্তিপ্রাপ্ত বা কালো তালিকাভুক্ত হয়ে থাকেন।

(গ) আবেদনের সংযুক্তি: আবেদনের সাথে নিম্নলিখিত দলিলাদি জমা দিতে হবে :

১. ICSB কর্তৃক প্রদত্ত মেম্বারশীপ সার্টিফিকেট-এর অনুলিপি;
২. আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট অন্যান্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ যেমন জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ ব্যাংক এর অধীনে তালিকাভুক্ত হয়ে থাকলে তার সনদ বা তালিকাভুক্তির প্রমাণ এবং তালিকাভুক্তির বিপরীতে পরিচালিত কার্যক্রমের তালিকা;
৩. সর্বশেষ ৫ (পাঁচ) বছরের কর্মঅভিজ্ঞতার প্রমাণক;
৪. আবেদনকারীর বিরুদ্ধে ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (ICSB) কর্তৃক ইতোপূর্বে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে প্রত্যয়ন, বা;
৫. বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড বা অন্য কোনো আর্থিক খাতের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কালো তালিকাভুক্ত করা হয়নি মর্মে হলফনামা;
৬. TIN/BIN এর প্রমাণক।

উল্লেখ্য, কর্তৃপক্ষ কর্তৃক আবেদনকারীর তালিকাভুক্তি কর্তৃপক্ষের নিকট থেকে অনুসন্ধানমূলক কার্যাদেশ পাওয়ার নিশ্চয়তা প্রদান করে না। সম্পূর্ণ আবেদন ২৫/০১/২০২৬ তারিখ বিকাল ৫ ঘটিকার মধ্যে কর্তৃপক্ষের দপ্তরে জমা দিতে হবে। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

পরিচালক (প্রশাসন)

ফোন : ৪১০৫১৩৮০

ই-মেইল : directoradmin@idra.org.bd